# কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধানিষেধ) আইন, ১৯৭৪

## ১৯৭৪-এর ৩৫ নং আইন

[১লা জুন, ১৯৮৮ তারিখে যথা-বিদ্যমান]

**জাতীয় অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে, কোন কোন কোম্পানির লাভসমূহ হইতে লাভাংশ ঘোষণা করার ক্ষমতার উপর অস্থায়ী বাধানিষেধসমূহের জন্য এবং তৎসংক্রান্ত বা তদানুষাঙ্গিক বিষয়সমূহের জন্য ব্যবস্থাকরণার্থ আইন।**

[ ৩১শে অগস্ট, ১৯৭৪ ]

ভারত সাধারণতন্ত্রের পঞ্চবিংশ বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইলঃ—

**১।** (১) এই আইন কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধানিষেধ) আইন, ১৯৭৪ নামে অভিহিত হইবে। সংক্ষিপ্ত নাম, প্রসার ও প্রারম্ভ।

(২) ইহা সমগ্র ভারতে প্রসারিত হইবে।

(৩) ইহা ১৯৭৪-এর ৬ই জুলাই তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**২।** এই আইনে, প্রসঙ্গতঃ অন্যথা আবশ্যক না হইলে,— সংজ্ঞার্থ।

(ক) "নির্দিষ্ট দিন" বলিতে, ১৯৭৪-এর ৬ই জুলাই তারিখ বুঝাইবে ;

(খ) "কোম্পানি" শব্দটির সেই অর্থই হইবে, উহার যে অর্থ কোম্পানি আইন, ১৯৫৬-তে নির্দিষ্ট হইয়াছে এবং উহা কোম্পানি আইন, ১৯৫৬-র ৫৯১ ধারার অর্থের অন্তর্গত এরূপ কোন বিদেশী কোম্পানিকে অন্তর্ভুক্ত করিবে যাহা ভারতের মধ্যে লাভাংশ ঘোষণা ও প্রদানের জন্য আয়কর আইন, ১৯৬১ অনুযায়ী বিহিত বন্দোবস্ত করিয়াছে ; ১৯৫৬-র ১। ১৯৬১-র ৪৩।

(গ) "বণ্টনযোগ্য লাভ" বলিতে, এই আইন যে কোম্পানির প্রতি প্রযুক্ত হয় সেরূপ কোন কোম্পানি সম্পর্কে,—

(i) কোম্পানির নীট লাভের এক-তৃতীয়াংশ, অথবা

(ii) কোম্পানির সাধারণ শেয়ারের অঙ্কিত মূল্যের উপর বার শতাংশ লাভাংশ ও উহার অধিমানী শেয়ারের উপর প্রদেয় লাভাংশ প্রদানের জন্য আবশ্যক অর্থের পরিমাণ,

—এতদুভয়ের মধ্যে যাহা নিম্নতর হইবে তাহা বুঝাইবে ;

(ঘ) "বিত্তীয় বৎসর" শব্দসমষ্টির সেই অর্থই হইবে, উহার যে অর্থ কোম্পানি আইন, ১৯৫৬-র ২ ধারায় নির্দিষ্ট হইয়াছে ; ১৯৫৬-র ১।

(ঙ) "নীট লাভ" বলিতে, কোম্পানি আইন, ১৯৫৬-র ৩৪৯ ধারার বিধানসমূহ অনুসারে সংগণিত, কোম্পানির নীট লাভ বুঝাইবে, কিন্তু এই সংপরিবর্তন সাপেক্ষে যে— ১৯৫৬-র ১।

(i) ঐরূপে সংগণিত লাভ সম্পর্কে আয়কর আইন, ১৯৬১ অনুযায়ী প্রদেয় কোন আয়কর বা ভারতের বহির্ভূত কোন দেশে বলবৎ কোন বিধি অনুযায়ী ঐরূপ লাভ সম্পর্কে প্রদেয় অনুরূপ প্রকারের কোন কর, এবং কোম্পানি (লাভ) অতিকর আইন, ১৯৬৪ অনুযায়ী ঐরূপ লাভ সম্পর্কে প্রদেয় অতিকরও ব্যবকলিত হইবে, এবং ১৯৬১-র ৪৩। ১৯৬৪-র ৭।

(ii) কোম্পানি আইন, ১৯৫৬-র ২০৫ ধারার বিধান-সমূহ অনুসারে অবচয়ের জন্য ব্যবস্থা করা হইবে ; ১৯৫৬-র ১।

(চ) "পূর্ববর্তী বৎসর" ও "মোট আয়" শব্দসমষ্টি দুই-টির সেই অর্থই হইবে, উহাদের যে অর্থ যথাক্রমে আয়কর আইন, ১৯৬১-তে নির্দিষ্ট হইয়াছে। ১৯৬১-র ৪৩।

যে কোম্পানিসমূহের প্রতি এই আইন প্রযুক্ত হইবে।

৩। এই আইন নিম্নলিখিত শ্রেণীসমূহের কোম্পানির প্রতি প্রযুক্ত হইবে, যথাঃ—

(ক) আয়কর আইন, ১৯৬১-র ২ ধারার (১৮) প্রকরণে যথা-সংজ্ঞার্থনির্ণীত কোন কোম্পানি যাহাতে জন-সাধারণ প্রভূত পরিমাণে স্বার্থান্বিত; ১৯৬০-র ৪৩।

(খ) এরূপ কোন কোম্পানি যাহার শেয়ার মূলধনের অন্ততঃ পঁচাত্তর শতাংশ, যে বিত্তীয় বৎসরের জন্য কোন লাভাংশ ঘোষিত বা প্রদত্ত হয় সেই সমগ্র বিত্তীয় বৎসর ব্যাপিয়া, ভারতে কোন দাতব্য উদ্দেশ্যে প্রতিষ্ঠিত এরূপ কোন সংস্থা বা নিধি কর্তৃক হিতার্থে ধৃত হয়, যাহার লাভাংশ হইতে আয়, আয়কর আইন, ১৯৬১-র ১১ ধারা অনুযায়ী, আয়কর হইতে মুক্ত ; ১৯৬১-র ৪৩।

(গ) এরূপ কোন ভারতীয় কোম্পানি যাহার কারবার প্রধানতঃ হইতেছে জাহাজ নির্মাণ অথবা দ্রব্যসমূহ বিনির্মাণ বা প্রক্রিয়ান্বিতকরণ অথবা খনি খনন অথবা বিদ্যুৎ বা অন্য কোন প্রকার শক্তি উৎপাদন বা বণ্টন ;

(ঘ) এরূপ কোন ভারতীয় কোম্পানি, যাহার (করণ সংক্রান্ত সাধিত্রসমূহ বা পথ-পরিবহণ যানসমূহ ব্যতীত অন্য) যন্ত্রপাতি বা জনিত্ররূপী মূলধনী পরিসম্পদের মূল্য, যে বিত্তীয় বৎসরের জন্য কোন লাভাংশ ঘোষিত বা প্রদত্ত হয় সেই বিত্তীয় বৎসরের শেষ দিনে উহার বহিসমূহে যেরূপ দর্শিত থাকে তদনুসারে, পঞ্চাশ লক্ষ টাকা বা তদধিক;

(ঙ) এরূপ কোন কোম্পানি, যাহাকে আয়কর আইন, ১৯৬১-র ১০৪ ধারার (৩) উপধারা অনুযায়ী, এই ধারার ক্রিয়া হইতে অব্যাহতি দেওয়া হইয়াছে। ১৯৬১-র ৪৩।

ব্যাখ্যা ১।—(গ) প্রকরণের প্রয়োজনার্থে, কোন কোম্পানির কারবার প্রধানতঃ জাহাজ নির্মাণ অথবা দ্রব্যসমূহ বিনির্মাণ বা প্রক্রিয়ান্বিতকরণ অথবা খনি খনন অথবা বিদ্যুৎ বা অন্য কোন প্রকার শক্তি উৎপাদন বা বণ্টন বলিয়া গণ্য হইবে, যদি পূর্বোক্ত কার্যকলাপের কোন একটির প্রতি আরোপণীয় আয়, যাহা প্রাসঙ্গিক বিত্তীয় বৎসরের জন্য ঐ কোম্পানির থোক মোট আয়ের অন্তর্ভুক্ত থাকে, তাহা ঐরূপ মোট আয়ের একান্ন শতাংশের কম না হয়।

ব্যাখ্যা ২।—(গ) ও (ঘ) প্রকরণসমূহের প্রয়োজনার্থে, "ভারতীয় কোম্পানি"-র সেই অর্থই হইবে, উহার যে অর্থ আয়কর আইন, ১৯৬১-র ২ ধারার (২৬) প্রকরণে নির্দিষ্ট হইয়াছে, কিন্তু উহা কোন কেন্দ্রীয়, রাজ্য বা প্রাদেশিক আইন দ্বারা বা অনুযায়ী প্রতিষ্ঠিত কোন নিগম অন্তর্ভুক্ত করিবে না। ১৯৬১-র ৪৩।

যে কোম্পানিসমূহের প্রতি এই আইন প্রযুক্ত হইবে তাহাদের লাভাংশ ঘোষণার উপর বাধানিষেধ।

৪। (১) [1][৫ক ধারায় অন্যথা যেরূপ ব্যবস্থিত তদ্ব্যতীত] নির্দিষ্ট দিন হইতে দুই বৎসর সময়সীমার জন্য, যে কোম্পানির প্রতি এই আইন প্রযুক্ত হয় সেরূপ কোন কোম্পানি কোন বিত্তীয় বৎসরের জন্য, ঐ কোম্পানির ঐ বিত্তীয় বৎসরের লাভসমূহ

১। ১৯৭৫-এর ২৮ আইন, ২ ধারা দ্বারা (১-৩-১৯৭৫ হইতে) প্রতিস্থাপিত।

হইতে ভিন্ন, কোন লাভাংশ ঘোষণা বা প্রদান করিবেন না, এবং এরূপ কোনও লাভাংশ, সর্বসাকল্যে, ঐ কোম্পানির ঐ বিত্তীয় বৎসরের বণ্টনযোগ্য লাভসমূহের অধিক হইবে নাঃ

তবে, এই উপধারার কোন কিছুই এরূপ কোন লাভাংশের প্রতি প্রযুক্ত হইবে না, যাহা, নির্দিষ্ট দিনের পূর্বেই, ঘোষিত হইয়াছিল ও কোন কোম্পানির শেয়ার ধারকগণের একাংশকে প্রদান করা হইয়াছিল কিন্তু ঐ কোম্পানির শেয়ারধারকগণের অপরাংশকে, নির্দিষ্ট দিনের পূর্বে, প্রদান করা হয় নাই।

(২) এই আইন যে কোম্পানির প্রতি প্রযুক্ত হয় সেরূপ কোন কোম্পানি কর্তৃক, কোনও বিত্তীয় বৎসরের জন্য, মোট যে অর্থ-পরিমাণ এই আইনের বিধানসমূহ অনুসারে লাভাংশরূপে ঘোষিত বা প্রদত্ত হইতে পারে সেই মোট অর্থপরিমাণের সংগণনায় ঐ কো-পানি কর্তৃক ঐ বিত্তীয় বৎসরের জন্য অন্তর্বর্তিকালীন লাভ্যাংশরূপে নির্দিষ্ট দিনের পূর্বে প্রদত্ত বা প্রতিশ্রুত অথবা আংশিক প্রদত্ত ও আংশিক প্রতিশ্রুত কোন অর্থপরিমাণ হিসাবভুক্ত হইবে, কিন্তু যেক্ষেত্রে ঐ কোম্পানি কর্তৃক নির্দিষ্ট দিনের পূর্বে প্রদত্ত অন্তবর্তিকালীন লাভাংশের অর্থপরিমাণ, যে বিত্তীয় বৎসরের জন্য ঐ অন্তর্বর্তিকালীন লাভাংশ প্রদত্ত হইয়াছিল, সেই বিত্তীয় বৎসরের জন্য বণ্টনযোগ্য লাভাংশের অধিক হয়, সেক্ষেত্রে ঐ কোম্পানি কর্তৃক ঐ বিত্তীয় বৎসরের জন্য আর কোনও লাভাংশ ঘোষিত বা প্রদত্ত হইবে না।

বণ্টনযোগ্য লাভের মাত্রাধিক লাভাংশ বাতিল হইবে এবং তাহা আদায় করিতে হইবে।

৫। [১][৫ক ধারায় অন্যথা যেরূপ ব্যবস্থিত তদ্ব্যতীত] নির্দিষ্ট দিন হইতে দুই বৎসর সময়সীমার জন্য, এই আইন যে কোম্পানির প্রতি প্রযুক্ত হয় সেরূপ কোন কোম্পানি কর্তৃক নির্দিষ্ট দিনের পর কোন বিত্তীয় বৎসরের জন্য বণ্টনযোগ্য লাভের মাত্রাধিক্যে যে লাভাংশ ঘোষিত বা প্রদত্ত হয় তাহা, ঐরূপ মাত্রাধিক্য পর্যন্ত, বাতিল হইবে, এবং ঐ কোম্পানি কর্তৃক কোন শেয়ারধারককে ঐ বৎসরের জন্য উহার বণ্টনযোগ্য লাভের মাত্রাধিক্যে প্রদত্ত যেকোন অর্থ ঐ কোম্পানি কর্তৃক আদায়কৃত হইবে এবং ঐরূপ কোনও আদায় ঐ কোম্পানি কর্তৃক অধিত্যক্ত হইবে নাঃ

তবে, যেক্ষেত্রে ঐরূপ কোন আদায় সাধ্যায়ত্ত নহে, সেক্ষেত্রে লাভাংশের ঐরূপ মাত্রাধিক্যের পরিমাণ, যে বিত্তীয় বৎসরের জন্য ঐরূপ মাত্রাধিক্যে লাভাংশ প্রদত্ত হইয়াছিল, সেই বিত্তীয় বৎসরের অব্যবহিত পরবর্তী বিত্তীয় বৎসরের জন্য প্রদেয় লাভাংশের সহিত সমন্বয়িত হইবে।

যে বাধানিষেধ অনুযায়ী বণ্টনযোগ্য লাভের মাত্রাধিক লাভাংশ ঘোষিত হইতে পারিবে।

[২][৫ক। (১) কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধানিষেধ) সংশোধন আইন, ১৯৭৫-এর প্রারম্ভে ও প্রারম্ভ হইতে, এবং (২) উপধারার বিধানসমূহ সাপেক্ষে, এই আইন যে কোম্পানির প্রতি প্রযুক্ত হয় সেই কোম্পানির পক্ষে, কোন বিত্তীয় বৎসরের লাভসমূহ হইতে, সর্বসাকল্যে, ঐ বিত্তীয় বৎসরের জন্য বণ্টনযোগ্য লাভের অতিরিক্ত লাভাংশ ঘোষণা করা বিধিসম্মত হইবে।

(২) যেক্ষেত্রে, কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধা-নিষেধ) সংশোধন আইন, ১৯৭৫-এর প্রারম্ভের পর, এই আইন যে কোম্পানির প্রতি প্রযুক্ত হয় সেরূপ কোন কোম্পানি, কোন বিত্তীয় বৎসরের জন্য, সর্বসাকল্যে, ঐ বিত্তীয় বৎসরের বণ্টনযোগ্য লাভের অতিরিক্ত লাভাংশ ঘোষণা করেন, সেক্ষেত্রে এরূপ কোম্পানি, নির্দিষ্ট দিন হইতে দুই বৎসর সময়সীমার জন্য,

১। ১৯৭৫-এর ২৮ আইন, ৩ ধারা দ্বারা (১-৩-১৯৭৫ হইতে) প্রতিস্থাপিত।
২। ঐ, ৪ ধারা দ্বারা (১-৩-১৯৭৫ হইতে) সন্নিবেশিত।

ঐরূপ লাভাংশের যে পরিমাণ ঐ কোম্পানির ঐ বিত্তীয় বৎসরের জন্য বণ্টনযোগ্য লাভের অতিরিক্ত হয়, সেই পরিমাণ লাভাংশ প্রদান করিবেন না এবং উক্ত সময়সীমার অবসানে, যে পরিমাণ লাভাংশ পূর্বোক্ত বিত্তীয় বৎসরের জন্য ঐ কোম্পানির বণ্টনযোগ্য লাভের অতিরিক্ত হয় (যথা-পূর্বোক্ত অতিরিক্ত পরিমাণ অর্থ অতঃপর "বিলম্বিত লাভাংশ" বলিয়া উল্লিখিত হইবে) তাহা, তদুপরি বার্ষিক আট শতাংশ হারে প্রাপ্য সুদ সহ, দুইটি সমান বাৎসিরক কিস্তিতে প্রদেয় হইবে, যাহার প্রথমটি যে তারিখে উক্ত দুই বৎসর সময়সীমা অবসিত হইবে সেই তারিখে প্রাপ্য ও প্রদেয় হইবে।

(৩) ৪ ও ৫ ধারার বিধানসমূহ, যতদূর পর্যন্ত ঐগুলি এই ধারার বিধানসমূহের সহিত অসমঞ্জস হয় তদ্ব্যতীত, এই ধারা অনুযায়ী ঘোষিত কোন লাভাংশের ক্ষেত্রে প্রযুক্ত হইবে।

(৪) কোনও লাভাংশ, কোম্পানি আইন, ১৯৫৬-র ২০৫ ধারার (২ক) উপধারার বিধানসমূহ পালন না করিয়া, (১) উপধারা অনুযায়ী ঘোষণা করা যাইবে না। ১৯৫৬-র ১।

(৫) কোম্পানি আইন, ১৯৫৬-র ২০৫ক ধারার বিধানসমূহ বিলম্বিত লাভাংশের কোন কিস্তির ক্ষেত্রে প্রযুক্ত হইবে নাঃ ১৯৫৬-র ১।

তবে, যদি বিলম্বিত লাভাংশের কোন কিস্তির সমগ্র বা কোন অংশ, যে তারিখে ঐরূপ কিস্তি প্রাপ্য ও প্রদেয় হয়, সেই তারিখ হইতে ত্রিশ দিন সময়সীমার অবসানের পরও অপ্রদত্ত থাকে, তাহা হইলে, উক্ত ২০৫ক ধারার বিধানসমূহ ঐরূপ অপ্রদত্ত অর্থপরিমাণের ক্ষেত্রে প্রযুক্ত হইবে।

(৬) যেক্ষেত্রে, কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধা-নিষেধ) সংশোধন আইন, ১৯৭৫-এর প্রারম্ভের পর, এই আইন যে কোম্পানির প্রতি প্রযুক্ত হয় সেরূপ কোন কোম্পানি, কোন বিত্তীয় বৎসরের জন্য, সর্বসাকল্যে, ঐ বিত্তীয় বৎসরের বণ্টন-যোগ্য লাভের অতিরিক্ত লাভাংশ ঘোষণা করেন, সেক্ষেত্রে আয়কর আইন, ১৯৬১-র বিধানসমূহ, (১০) উপধারার বিধানসমূহ সাপেক্ষে, যে লাভাংশ ঘোষিত হইয়াছে কিন্তু উহার কোন অংশের অর্থপ্রদান বিলম্বিত হয় নাই সেই লাভাংশ সম্পর্কে যেরূপ প্রযুক্ত হয়, ঐরূপে ঘোষিত সমগ্র লাভাংশ সম্পর্কে সেরূপ প্রযুক্ত হইবে। ১৯৭৫-এর ২৮। ১৯৬১-র ৪৩।

(৭) যেক্ষেত্রে, কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধা-নিষেধ) সংশোধন আইন, ১৯৭৫-এর প্রারম্ভের পর, এই আইন যে কোম্পানির প্রতি প্রযুক্ত হয় সেরূপ কোন কোম্পানি, কোন বিত্তীয় বৎসরের জন্য, সর্বসাকল্যে, ঐ বিত্তীয় বৎসরের বণ্টনযোগ্য লাভের অতিরিক্ত লাভাংশ ঘোষণা করেন, সেক্ষেত্রে ঐ কোম্পানি, ঐরূপ ঘোষণার তারিখ হইতে বিয়াল্লিশ দিনের মধ্যে, ঐ লাভাংশের প্রদান পাইবার অধিকারী প্রত্যেক শেয়ারধারকের নিকট, ঐরূপে ঘোষিত লাভাংশের প্রদান প্রাধিকৃত করিয়া, একটি লাভাংশপত্র ডাকযোগে প্রেরণ করিবেন, কিন্তু উক্ত লাভাংশপত্র এরূপে প্রস্তুত হইবে যাহাতে—

(ক) যে পরিমাণ লাভাংশ পূর্বোক্ত বিত্তীয় বৎসরের জন্য ঐ কোম্পানির বণ্টনযোগ্য লাভের অতিরিক্ত নহে (অতঃপর "আশু লাভাংশ" বলিয়া উল্লিখিত) সেই পরিমাণ লাভাংশের অবিলম্বে প্রদান এবং

(খ) যে যে তারিখে বিলম্বিত লাভাংশের প্রতিটি কিস্তি প্রাপ্য ও প্রদেয় হয় যথাক্রমে সেই সেই তারিখে বিলম্বিত লাভাংশের প্রদান

প্রাধিকৃত করা যায়।

(৮) লাভাংশ হইতে (৬) উপধারা অনুযায়ী ব্যবকলিত আয়কর আশু লাভাংশ এবং বিলম্বিত লাভাংশের প্রতিটি কিস্তির মধ্যে এরূপে বিভাজিত হইবে যাহাতে ইহা নিশ্চিত হয় যে আশু লাভাংশ হইতে এবং বিলম্বিত লাভাংশের প্রতিটি কিস্তি হইতে ব্যবকলিত আয়কর আশু লাভাংশের থোক অর্থপরিমাণের এবং বিলম্বিত লাভাংশের প্রতিটি কিস্তির থোক অর্থপরিমাণের সহিত সেই অনুপাতেই থাকে যে অনুপাতে ঐরূপে ব্যবকলিত আয়করের মোট অর্থপরিমাণ ঐ কোম্পানি কর্তৃক ঘোষিত মোট লাভাংশের থোক অর্থপরিমাণের সহিত থাকে।

(৯) (৭) উপধারা অনুযায়ী প্রেরিত প্রত্যেক লাভাংশপত্র এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলী দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইতে পারে সেরূপ ফরমে হইবে এবং সেরূপ বিশেষ বিবরণসমূহ উহাতে থাকিবে।

১৯৬১-র ৪৩। (১০) আয়কর আইন, ১৯৬১-তে বিপরীতার্থক যাহা কিছু আছে তৎসত্ত্বেও, আয়কর আধিকারিক, ঐ আইনের উদ্দেশ্যে, যে নির্ধারীকে বিলম্বিত লাভাংশের কোন কিস্তি প্রদেয় হয় তাহাকে, বিলম্বিত লাভাংশের ঐরূপ কিস্তি হইতে উৎস মুখে কোন আয়কর ব্যবকলিত হইয়া থাকিলে তদ্দ্বারা হ্রাসপ্রাপ্ত বিলম্বিত লাভাংশের ঐরূপ কিস্তি সম্পর্কে আয়করের যে অংশ প্রদেয় হয়, সেই অংশ সম্পর্কে খেলাপকারী বলিয়া গণ্য করিবেন না, এবং যে তারিখে ঐরূপ কিস্তি নির্ধারীর প্রাপ্য ও তাহাকে প্রদেয় হয় অথবা নির্ধারী কর্তৃক ঐরূপ কিস্তি সম্পর্কিত লাভাংশপত্র কোন ব্যক্তির নিকট হস্তান্তরিত হয়, এতদুভয়ের মধ্যে যাহা পূর্ববর্তী হইবে, সেই তারিখ হইতে পঁয়ত্রিশ দিন অবসান না হওয়া পর্যন্ত, ঐ নির্ধারীকে, যে আয়কর ঐরূপে হ্রাসপ্রাপ্ত হইয়াছে সেই আয়করের উক্ত অংশ সম্পর্কে, খেলাপকারী নহে বলিয়া গণ্য করিতে থাকিবেন এবং যে সময়সীমার জন্য নির্ধারী খেলাপকারী নহে বলিয়া গণ্য হয় সেই সময়সীমার জন্য, যে আয়কর ঐরূপে হ্রাসপ্রাপ্ত হইয়াছে সেই আয়করের উক্ত অংশ সম্পর্কে, ঐ আইনের ২২০ ধারার (২) উপধারা অনুযায়ী কোন সুদ ধার্য করা যাইবে না।

**ব্যাখ্যা।**—এই উপধারায়, "নির্ধারী" শব্দটির সেই অর্থই হইবে, উহার যে অর্থ আয়কর আইন, ১৯৬১-র ২ ধারার (৭) প্রকরণে নির্দিষ্ট হইয়াছে।] (১৯৬১-র ৪৩।)

**অন্তর্বর্তিকালীন লাভাংশের উপর বাধানিষেধ।**

৬। নির্দিষ্ট দিন হইতে দুই বৎসর সময়সীমার জন্য, এই আইন যে কোম্পানির প্রতি প্রযুক্ত হয় সেরূপ কোনও কোম্পানি, কেন্দ্রীয় সরকারের পূর্বানুমোদন ব্যতীত এবং ঐ সরকার কর্তৃক যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ শর্ত ও পরিসীমা সাপেক্ষে ব্যতীত, কোন বিত্তীয় বৎসরের জন্য কোন অন্তর্বর্তিকালীন লাভাংশ প্রদান বা বণ্টন করিবেন না, ঐ বিত্তীয় বৎসর নির্দিষ্ট দিনের পূর্বে বা পরে যখনই অবসিত হউক।

**অন্য বণ্টনের উপর বাধানিষেধ।**

৭। নির্দিষ্ট দিন হইতে দুই বৎসর সময়সীমার জন্য, এই আইন যে কোম্পানির প্রতি প্রযুক্ত হয় সেরূপ কোনও কোম্পানি, কেন্দ্রীয় সরকারের পূর্বানুমোদন ব্যতীত, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা,—

(ক) উহার পরিসম্পদ হইতে কোন বণ্টন করিবেন না;

(খ) উহার পরিসম্পদ হইতে বণ্টন করিবার কোন দায়িত্ব, শর্তাধীনেই হউক বা অন্যথাই হউক, গ্রহণ করিবেন না;

(গ) কোম্পানির কোন শেয়ারধারককে কোনও ঋণ মঞ্জুর করিবেন না ঃ

তবে, (গ) প্রকরণের কোন কিছুই এরূপ কোন কোম্পানির প্রতি প্রযুক্ত হইবে না, যাহা কোম্পানি আইন, ১৯৫৬-র ৬২০ক ধারার (১) উপধারা অনুযায়ী কেন্দ্রীয় সরকার কর্তৃক কোন নিধি বা পারস্পরিক হিত সমিতি বলিয়া ঘোষিত। ১৯৫৬-র ১।

আইনের অভিভাবী কার্যকারিতা থাকিবে।

৮। কোম্পানি আইন, ১৯৫৬-তে, অথবা (এই আইন ভিন্ন অন্য) কোন অধিনিয়মে অথবা এই আইন ভিন্ন অন্য কোন অধিনিয়ম বলে কার্যকর কোন সংবিদা বা সংলেখে এই আইনের বিধানসমূহের সহিত অসমঞ্জস কোন কিছু থাকা সত্ত্বেও, এই আইনের বিধানসমূহ কার্যকর হইবে। ১৯৫৬-র ১।

দণ্ডসমূহ।

৯। (১) যে কেহ এই আইনের কোন বিধান লঙ্ঘন করিবেন তিনি তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে, অথবা যে পরিমাণ অর্থ সম্পর্কে ঐরূপ লঙ্ঘন কৃত হইয়াছে তাহার দ্বিগুন পরিমাণ পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায়, অথবা উভয়থা, দণ্ডনীয় হইবেন।

(২) কোম্পানি আইন, ১৯৫৬-র ৬২১ ধারার বিধানসমূহ কোম্পানি আইন, ১৯৫৬-র বিরুদ্ধে কৃত অপরাধসমূহের প্রতি যেরূপ প্রযুক্ত হয়, সেরূপ এই আইনের বিরুদ্ধে কৃত অপরাধসমূহের প্রতিও প্রযুক্ত হইবে। ১৯৫৬-র ১।

অপরাধসমূহ।

১০। (১) যেক্ষেত্রে এই আইনের বিরুদ্ধে কোন অপরাধ কৃত হয়, সেক্ষেত্রে এরূপ প্রত্যেক ব্যক্তি যিনি, ঐ অপরাধ কৃত হইবার সময়ে, অপরাধকারী কোম্পানির কারবার চালনার জন্য ঐ কোম্পানির ভারপ্রাপ্ত ছিলেন ও ঐ কোম্পানির নিকট দায়ী ছিলেন তিনি, এবং অধিকন্তু ঐ কোম্পানি, ঐ অপরাধে দোষী বলিয়া গণ্য হইবেন এবং তদনুসারে তাঁহারা অভিশংসিত হইবার ও দণ্ডিত হইবার দায়িতাধীন হইবেনঃ

তবে, এই উপধারার অন্তর্ভুক্ত কোন কিছুই এরূপ কোন ব্যক্তিকে কোন শাস্তির দায়িতাধীন করিবে না, যদি তিনি প্রমাণ করেন যে ঐ অপরাধ তাঁহার অজ্ঞাতসারে কৃত হইয়াছিল অথবা তিনি ঐরূপ অপরাধকরণ নিবারিত করিবার জন্য সর্ববিধ যথোচিত অধ্যবসায় প্রয়োগ করিয়াছিলেন।

(২) (১) উপধারায় যাহাই থাকুক না কোন তৎসত্ত্বেও, যেক্ষেত্রে এই আইনের বিরুদ্ধে কোন অপরাধ কোন কোম্পানি কর্তৃক কৃত হইয়াছে এবং ইহা প্রমাণিত হয় যে ঐ অপরাধ কোম্পানির কোন ডিরেক্টর, পরিচালক, সচিব বা অন্য আধিকারিকের সম্মতি বা মৌনানুমোদন সহ কৃত হইয়াছে, অথবা তাঁহাদের কাহারও কোন অবহেলার ফলে ঘটিয়াছে, সেক্ষেত্রে ঐরূপ ডিরেক্টর, পরিচালক, সচিব বা অন্য আধিকারিক ঐ অপরাধে দোষী বলিয়া গণ্য হইবেন এবং তদনুসারে তিনি অভিশংসিত হইবার ও দণ্ডিত হইবার দায়িতাধীন হইবেন।

প্রত্যভিযোজনের ক্ষমতা।

১১। কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্দেশিত করিতে পারিবেন যে, (১২ ধারা দ্বারা অর্পিত ক্ষমতা ভিন্ন অন্য) যে ক্ষমতা কেন্দ্রীয় সরকার কর্তৃক এই আইন অনুযায়ী প্রযুক্ত হইতে পারে, সেরূপ কোনও ক্ষমতা, কেন্দ্রীয় সরকার ঐ প্রজ্ঞাপনে কোন বাধানিষেধ ও শর্তাবলী বিনির্দিষ্ট করিয়া থাকিলে তৎসাপেক্ষে,—

(ক) কেন্দ্রীয় সরকারের অধীন এরূপ আধিকারিক বা প্রাধিকারী কর্তৃকও, অথবা

(খ) অন্য এরূপ প্রাধিকারী কর্তৃকও,

প্রযুক্ত হইবে, যেরূপ ঐ প্রজ্ঞাপনে বিনির্দিষ্ট হইতে পারেন।

নিয়মাবলী প্রণয়নের ক্ষমতা।

১২। (১) কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বিধানসমূহ কার্যে পরিণত করিবার জন্য নিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন।

(২) কেন্দ্রীয় সরকার কর্তৃক এই আইন অনুযায়ী প্রণীত প্রত্যেক নিয়ম, প্রণীত হইবার পর যথাসম্ভব শীঘ্র, সংসদের প্রত্যেক সদনের সমক্ষে, উহার সত্র চলিতে থাকা কালে, মোট ত্রিশ দিন সময়সীমার জন্য স্থাপিত হইবে, যে সময়সীমা এক সত্রের বা দুই বা ততোধিক আনুক্রমিক সত্রের অন্তর্ভুক্ত হইতে পারে, এবং যদি, পূর্বোক্ত সত্রের বা আনুক্রমিক সত্রসমূহের অব্যবহিত পরবর্তী সত্রের অবসানের পূর্বে, উভয় সদন ঐ নিয়মের কোন সংপরিবর্তন করিতে একমত হন অথবা উভয় সদন একমত হন যে ঐ নিয়ম প্রণয়ন করা উচিত নহে, তাহা হইলে, তৎপরে ঐ নিয়ম কেবল ঐরূপ সংপরিবর্তিত আকারে কার্যকর হইবে বা, স্থলবিশেষে, আদৌ কার্যকর হইবে না, তবে এমনভাবে যে ঐরূপ কোন সংপরিবর্তন বা রদকরণ ঐ নিয়ম অনুযায়ী পূর্বে কৃত কোন কিছুরই সিদ্ধতা ক্ষুণ্ণ করিবে না।

অবসায়নগ্রস্ত কোম্পানিসমূহের প্রতি এই আইন প্রযুক্ত হইবে না

১৩। এই আইনের কোন কিছুই এরূপ কোন কোম্পানির প্রতি প্রযুক্ত হইবে না যাহা আদালত কর্তৃক অথবা স্বেচ্ছাকৃতভাবে অথবা আদালতের অবেক্ষণাধীনে পরিসমাপিত হইতেছে।

১৯৫৬-র ১ আইনের ৬৩৭ক ধারা প্রযুক্ত হইবে।

১৪। এই আইনে উল্লিখিত প্রত্যেক অনুমোদন কেন্দ্রীয় সরকারের নিকট কৃত আবেদনের উপর লাভ করিতে হইবে, এবং ঐরূপ প্রত্যেক আবেদনের প্রতি কোম্পানি আইন, ১৯৫৬-র ৬৩৭ক ধারার বিধানসমূহ এরূপে প্রযুক্ত হইবে, যেন ঐ আবেদন কোম্পানি আইন, ১৯৫৬ অনুযায়ী কৃত একটি আবেদন।

অসুবিধা দূরীকরণের ক্ষমতা।

১৫। এই আইনের বিধানসমূহ কার্যকর করিতে যদি কোন অসুবিধা দেখা দেয়, তাহা হইলে, কেন্দ্রীয় সরকার এই আইনের বিধানসমূহের সহিত অসমঞ্জস নহে এরূপ আদেশ দ্বারা ঐ অসুবিধা দূর করিতে পারিবেন।

নিরসন ও ব্যাবৃত্তি।

১৬। (১) কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধানিষেধ)-অধ্যাদেশ, ১৯৭৪ এবং কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধানিষেধ) সংশোধন অধ্যাদেশ, ১৯৭৪ এতদ্দ্বারা নিরসিত হইল।

১৯৭৪-এর ৭।
১৯৭৪-এর ৯।

(২) ঐরূপ নিরসন সত্ত্বেও, কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধানিষেধ) সংশোধন অধ্যাদেশ, ১৯৭৪ (তৎসহ তদধীনে প্রদত্ত কোন আদেশ বা ঘোষণা) দ্বারা যথা-সংশোধিত কোম্পানি (লাভাংশের উপর অস্থায়ী বাধানিষেধ) অধ্যাদেশ, ১৯৭৪ অনুযায়ী কৃত কোন কার্য বা অবলম্বিত কোন ব্যবস্থা এই আইনের অনুরূপ বিধানসমূহ অনুযায়ী কৃত বা অবলম্বিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১৯৭৪-এর ৯।
১৯৭৪-এর ৭।